“আমাদের মহান ও বরকতময় রব প্রতি রাতে যখন তার শেষ তৃতীয়াংশ অবশিষ্ট থাকে পৃথিবীর আসমানে অবতরণ করেন।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “আমাদের মহান ও বরকতময় রব প্রতি রাতে যখন তার শেষ তৃতীয়াংশ
অবশিষ্ট থাকে পৃথিবীর আসমানে অবতরণ করেন। আর বলেন, কে আমাকে ডাকবে আমি তার ডাকে সাড়া দিবো, কে আমার কাছে চাইবে আমি তাকে দান করব, কে আমার কাছে ক্ষমা চাইবে আমি তাকে ক্ষমা করব?”
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এ হাদীসে বর্ণনা করেছেন যে, মহান ও বরকতময় আল্লাহ প্রতি রাতে শেষ তৃতীয়াংশ অবশিষ্ট থাকতে পৃথিবীর আসমানে অবতরণ করেন। তিনি বান্দাহদেরকে তাঁকে ডাকতে উৎসাহিত করেন। যে তাঁকে ডাকে, তিনি তার ডাকে সাড়া দেন। তিনি বান্দাহদেরকে তাঁর কাছে প্রার্থনা করতে অনুপ্রেরণা দেন। যে ব্যক্তি তাঁর কাছে চায়, তিনি তাকে তা দান করেন। যে ব্যক্তি তাঁর কাছে পাপ থেকে ক্ষমা প্রার্থনা করে, তিনি তাকে ক্ষমা করে দেন ও তার তাওবা কবুল করেন। তিনি মুমিন বান্দাহদেরকে ক্ষমা করে থাকেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/10412